শিক্ষা নিয়ে গড়ব দেশ তথ্য- প্রযুক্তির বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

Website for Application: https://admission.bdu.ac.bd

স্মারক নং- ৩৭.০১.৪১০৪.০০০.৪৪.০০৮.১৯-৩০৯৭ তারিখ: ২২-১২-২০২১

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির জন্য GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ এর A ইউনিটে অংশগ্রহনকৃত শিক্ষার্থীদের মধ্য হতে প্রকৌশল অনুষদের অধীনে ব্যাচেলর অব সায়েন্স ইন আইওটি এবং শিক্ষা ও গবেষণা অনুষদ-এর অধীনে ব্যাচেলর অব সায়েন্স ইন আইসিটি ইন এডুকেশন প্রোগ্রামে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করতে পারবে। ভর্তির বিস্তারিত তথ্য ওয়েবসাইটে https://admission.bdu.ac.bd পাওয়া যাবে।

আবেদনের সময়ঃ ০১ জানুয়ারী ২০২২ দুপুর ১২ টা থেকে ১৫ জানুয়ারী ২০২২ রাত ১১.৫৯ টা পর্যন্ত

আসন বিন্যাস

অনুষদ	বিভাগ	প্রোগ্রাম	আসন সংখ্যা
প্রকৌশল	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	ব্যাচেলর অব সায়েন্স ইন আইওটি	৫০
শিক্ষা ও গবেষণা	শিক্ষা	ব্যাচেলর অব সায়েন্স ইন আইসিটি ইন এডুকেশন	৫০

০১. ভর্তির আবেদনের যোগ্যতা

ক. ২০১৮ সালের মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (বিজ্ঞান শাখায়) এবং ২০২০ সালের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (বিজ্ঞান শাখায়) ৪র্থ বিষয় সহ ন্যূনতম মোট জিপিএ ৯.৫০ থাকতে হবে।

খ. GST ভর্তি পরীক্ষায় A ইউনিটে (বিজ্ঞান শাখায়) যে সকল শিক্ষার্থী তাদের আবশ্যিক বিষয় সমূহ ও ঐচ্ছিক বিষয় হিসেবে গনিত বিষয়ে কোন ঋনাত্মক নম্বর পায়নি শুধুমাত্র তারাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ আবেদন করতে পারবে।

গ. GST ভর্তি পরীক্ষায় A ইউনিটে (বিজ্ঞান শাখায়) অংশগ্রহনকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৮ সালের O Level পরীক্ষায় চারটি বিষয়ে 'বি' গ্রেডসহ সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং ২০২০ সালের A Level পরীক্ষায় দুটি বিষয়ে 'বি' গ্রেড এবং একটি বিষয়ে 'সি' গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ-এ আবেদন করতে পারবে। তবে প্রার্থীদের ভর্তি'র অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

০২. ভর্তি পদ্ধতি ও মেধাক্রম

ক. আবেদনকৃত প্রার্থীদের GST এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং মেধা তালিকার ভিত্তিতে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ. চুড়ান্ত মেধা তালিকা প্রণয়নে আবেদনকৃত প্রার্থীদের GST ভর্তি পরীক্ষার গনিত, পদার্থবিদ্যা ও ইংরেজি বিষয় থেকে ১০০ নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে ৫০ নম্বর বিবেচনা করা হবে।

বিস্তারিত তথ্য ওয়েবসাইটে https://admission.bdu.ac.bd ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

গ. একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে মেধাক্রম তৈরি করা হবে।

ধাপ-০১: ৪র্থ বিষয়সহ মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষার প্রাপ্ত জিপিএ যথাক্রমে ৬০% ও ৪০% এর ভিত্তিতে।

ধাপ-০২: ৪র্থ বিষয়সহ মাধ্যমিক বা সমমান ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৬০% ও ৪০% এর ভিত্তিতে।

ধাপ-০৩ (ক): উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় প্রথমে গনিত ও পরবর্তীতে পদার্থবিদ্যা এর জিপি এর ভিত্তিতে।

(খ): উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় প্রথমে গনিত ও পরবর্তীতে পদার্থবিদ্যা এর প্রাপ্ত নম্বর এর ভিত্তিতে।

ধাপ-০৪: উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ইংরেজি এর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

ঘ. এই ভর্তি প্রক্রিয়ায় পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, আসন শূন্য থাকা সাপেক্ষে দ্বিতীয় বা তার অধিক মেধা তালিকা প্রণয়নের মাধ্যমে সম্পন্ন করা হবে (কোটার ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে)।

০৩. আবেদনকারীর প্রাথমিক আবেদন পূরণ সম্পর্কিত করণীয়

ক. প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) গিয়ে Registration অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে মোবাইল নম্বর এ একটি পিন চলে যাবে। মোবাইল নম্বর এ প্রাপ্ত পিন ও GST ভর্তি পরীক্ষার রোল নম্বর এর মাধ্যমে লগইন করে আবেদন ও আবেদন পরবর্তী ধাপ সম্পন্ন করতে হবে।

খ. এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সহিত তার প্রার্থীত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। যা পরবর্তীতে পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

গ. মুক্তিযোদ্ধা/আদিবাসী কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী শুধুমাত্র একটি কোটায় আবেদন করতে পারবে।

কোটা প্রকৃতি	আইওটি (আসন সংখ্যা)	আইসিটি ইন এডুকেশন (আসন সংখ্যা)
মুক্তিযোদ্ধা	২	২
আদিবাসী	১	১

০৪. আবেদন ফি জমাদান

প্রার্থীকে অনলাইনে Applicant Login অপশনে Login লিংকে গিয়ে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পিন এর মাধ্যমে লগইন করতে হবে। সফলভাবে আবেদন জমা করার পর আবেদন ফরম এ একটি Application ID দেয়া থাকবে। উপরোক্ত Application ID ব্যবহার করে আবেদন ফি ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা + চার্জ প্রযোজ্য) পরিশোধ করতে হবে এবং কনফার্ম স্লিপটি সংরক্ষন করতে হবে। বিস্তারিত ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) পাওয়া যাবে।

০৫. ফলাফল প্রক্রিয়া

প্রার্থীর ফলাফল আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে এবং ওয়েবসাইটে ও তার প্রোফাইলে প্রকাশ করা হবে। সঠিকভাবে সফল হওয়া আবেদনকারীকে ভর্তির প্রক্রিয়া পরবর্তীতে ওয়েবসাইটে (https://admission.bdu.ac.bd) বিস্তারিতভাবে জানানো হবে।

বি:দ্র:

- প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস সম্ভাব্য ০৩/০৪/২০২২ তারিখ থেকে শুরু হবে।
- ভর্তি সংক্রান্ত সকল তথ্য (সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত) ০১৫৫০-০৫০৮৩৩ নম্বরে ফোন করে জানা যাবে।
- ভতি সংক্রান্ত সকল তথ্য প্রার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

এই ভর্তি কার্যক্রমের সকল নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত
মোঃ আশরাফ উদ্দিন
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)